



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
web:www.jessoreboard.gov.bd



স্মারক সংখ্যা ক্রীড়া: পিই-৩৯/৭৬/২/৭৭(০৬)

তারিখ: ১৩-০৯-২০২০ খ্রি.

বিষয় : বিশ্বব্যাপী করোনা ভাইরাস বিস্তারের কারণে স্থগিতকৃত ২০১৯-২০২০ শিক্ষা বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) ও ভলিবল(ছাত্রী) চূড়ান্ত এবং ভলিবল(ছাত্র) আঞ্চলিক ও চূড়ান্ত পর্বের অবশিষ্ট পর্ব বাতিল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানান যাচ্ছে যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাস বিস্তারের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ও ২০২০-২০২১ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির কার্যক্রম শুরু হওয়ার মাধ্যমে ২০১৯-২০২০ শিক্ষা বর্ষের সমাপ্তি ঘটায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর আয়োজনে ২০১৯-২০২০ বর্ষের নিম্নলিখিত প্রতিযোগিতাসমূহ বাতিল করা হল-

| ক্র:নং | ২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ প্রতিযোগিতার ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজের নাম | খেলাধুলা/প্রতিযোগিতা | অঞ্চল / পর্বের নাম | টাকার পরিমাণ |
|--------|---|------------------------------|---------------------------|--------------|
| ০১ | আলহাজ্ব আমজাদ আলী ও ফাইজুর রহমান মহিলা ডিগ্রি কলেজ ডাক: নলডাঙ্গা, কালীগঞ্জ জেলা: ঝিনাইদহ | ভলিবল(ছাত্রী) | চূড়ান্ত পর্ব | ৭৭,৮২০.০০ |
| ০২ | নাজির আহম্মেদ কলেজ ডাক: বেরুইল পলিতা জেলা: মাগুরা | ভলিবল(ছাত্র) | আঞ্চলিক পর্ব "ক-অঞ্চল" | ৪,০৬,৪২০.০০ |
| ০৩ | নওয়াপাড়া সরকারি মহাবিদ্যালয় ডাক: অভয়নগর জেলা: যশোর | ভলিবল(ছাত্র) | আঞ্চলিক পর্ব "খ-অঞ্চল" | ৩,৯১,০৬০.০০ |
| ০৪ | সরকারি শহীদ সিরাজুদ্দীন হোসেন মহাবিদ্যালয়, খাজুরা ডাক: বাঘারপাড়া জেলা: যশোর | ভলিবল(ছাত্র) | আঞ্চলিক পর্ব "গ-অঞ্চল" | ৩,৯১,০৬০.০০ |
| ০৫ | শিমুলিয়া ডিগ্রি কলেজ ডাক: শিমুলিয়া, ঝিকরগাছা জেলা: যশোর | ভলিবল(ছাত্র) | আঞ্চলিক পর্ব "ঘ-অঞ্চল" | ৩,৯১,০৬০.০০ |
| ০৬ | যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, যশোর ডাক: শিক্ষা বোর্ড ৭৪০১ জেলা: যশোর | এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) | চূড়ান্ত পর্ব | ১০,৫৬,১২০.০০ |
| | | ভলিবল(ছাত্র) | চূড়ান্ত পর্ব | ৯১,৫৪০.০০ |

উক্ত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কলেজের নামের পার্শ্বে বর্ণিত অর্থ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগী, খেলোয়াড় ও শিক্ষক প্রতিনিধিদের টি এ. ডি এ. প্রতিযোগিতা পরিচালনা সংক্রান্ত সামগ্রিক সকল ব্যয় নির্বাহের জন্য বাজেটের বরাদ্দকৃত অর্থ উপরিউক্ত কলেজের অধ্যক্ষ বরাবর এ বোর্ডের হিসাব প্রদান শাখা হতে চেক যোগে প্রেরণ করা হয়। ২০১৯-২০২০ বর্ষে অনুষ্ঠিতব্য আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) ও ভলিবল(ছাত্রী) চূড়ান্ত এবং ভলিবল(ছাত্র) আঞ্চলিক ও চূড়ান্ত পর্বের প্রতিযোগিতার অবশিষ্ট পর্ব বাতিল হওয়ায় উক্ত খেলাধুলা/প্রতিযোগিতা পরিচালনা বাবদ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর হতে প্রেরিত চেকের অর্থ সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর বরাবর পে অর্ডার / ব্যাংক ড্রাফট করে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ফেরত প্রদানের জন্য অনুরোধ জানান হল।

(প্রফেসর এ এম এইচ আলী আর রেজা)

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

অধ্যক্ষ

২০১৯-২০২০ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) ও ভলিবল(ছাত্রী)
চূড়ান্ত এবং ভলিবল(ছাত্র) আঞ্চলিক ও চূড়ান্ত পর্বের প্রতিযোগিতার ব্যবস্থাপনার
দায়িত্বপ্রাপ্ত কলেজ

স্মারক সংখ্যা ক্রীড়া: পিই-৩৯/৭৬/২/৭৭(০৬)

তারিখ: ১৩-০৯-২০২০ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

- ১। উপ-পরিচালক (হি ও নি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। সচিব মহোদয়ের স্টেনো, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। সংশ্লিষ্ট নথি।

F/N: Inter Coll 2019-20 web21

সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর